দৈনিক সংবাদ

ভোরের কাগজ

MAR. 1 8 2001

তারিখ ... ... ... ... ... ... ...

পৃষ্ঠা ৩ ... কলাম ৭ ......

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের একটি সার্কুলারের কারণে

নীলফামারী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একটি নয়া সার্কুলারের কারণে এ বছর হাজার হাজার ডিগ্রি প্রাইভেট পরীক্ষার্থী ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশ নিতে পারবে না। ফলে বিভিন্ন সরকারি কলেজে প্রাইভেট পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছু ডিগ্রি-পরীক্ষার্থীদের মধ্যে চরম ক্ষোভ ও হতাশার সৃষ্টি হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ রেজিস্ট্রার (শিক্ষা) স্বাক্ষরিত এক পত্রে বলা হয়, ২০০১ সালে অনুষ্ঠিতব্য ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার জন্য কোন কেন্দ্রই সর্বাধিক এক হাজার শিক্ষার্থীর বেশি একজনকেও ওই পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করতে পারবে না। কলেজের অধ্যক্ষদের কাছে পাঠানো ওই পত্রে লেখা হয়েছে কোনভাবেই এ সংখ্যার অতিরিক্ত প্রার্থীকে রেজিস্ট্রেশন দেয়া যাবে না। এখন এই সার্কুলার পেয়ে হঠাৎ করে বিপাকে পড়ে গেছে পরীক্ষার্থী ও কলেজ উভয়ই। কারণ প্রতিটি কেন্দ্রে হাজার হাজার প্রাইভেট (ডিগ্রি) পরীক্ষার্থী এ বছর রেজিস্ট্রেশন করতে এসেছে, কিন্তু কলেজগুলো এক হাজারের বেশি শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফরম দিতে পারেনি। ফলে প্রতিদিন হাজার হাজার শিক্ষার্থীর চাপ সামলাতে কলেজগুলোকে হিমশিম খেতে হচ্ছে। কলেজগুলো রেজিস্ট্রেশন ফরম পূরণ বন্ধ করে দিয়েছে। যদিও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২৫শে মার্চের মধ্যে রেজিস্ট্রেশন ফরম জমা দিতে হবে। এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের হঠাৎ করে দেয়া এই নয়া সার্কুলারের ফলে হাজার হাজার শিক্ষার্থী ডিগ্রি পরীক্ষায় রেজিস্ট্রেশন করতে না পারায় এখন চরম বিপাকে পড়েছে।